ইত্তেফাক

তারিখ ২৯।১।৬৯
পৃষ্ঠা ৬ কলাম ৬

100

## প্রাথমিক শিক্ষক ও শিক্ষা কর্মকর্তাদের ধর্মঘটের ফলে—

মাগুরা, ২৬শে জানুয়ারী (নিজস্ব সংবাদদাতার তার)—প্রাথমিক শিক্ষক ধর্মঘটের ফলে এই মহকুমার প্রায় এক লাখ ছাত্র ছাত্রীর লেখাপড়া প্রায় বন্ধ। ধর্মঘটের ফলে তাঁহাদের পরীক্ষার ফলাফল জানিতে ব্যর্থ হওয়ায় উচ্চ বিদ্যালয়সমূহ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হইতে বঞ্চিত হইয়া পড়িয়াছে। মহকুমার সরকারী বেসরকারী উচ্চ বিদ্যালয়সমূহে ভর্তি পরীক্ষা ইতিমধ্যে শুরু হইয়া গিয়াছে। এই কারণে ছাত্র-ছাত্রীরা ডাকঘর হইতে পুস্তক ক্রয় করিতে পারিতেছে না এবং ডাকঘরে

( ৫ম পৃঃ দ্রঃ )

## ধর্মঘটের ফলে—

( ৩য় পৃঃ পর )

পুস্তক অবিক্রীত অবস্থায় পড়িয়া রহিয়াছে।

অপরদিকে থানা, মহকুমা ও জেলা পর্যায়ের শিক্ষা কর্মকর্তাগণও গত ১৭ই ডিসেম্বর হইতে ধর্মঘট চালাইয়া যাইবার দরুন নিরক্ষরতা দূরীকরণ অভিযান স্থগিত রাখা হইয়াছে। কোন বিল প্রস্তুত না হইবার ফলে তাঁহারা বেতনও পাইতেছেন না। ফলে মহকুমার সর্বত্র প্রাথমিক শিক্ষা ব্যবস্থা এখন একরূপ অচল।